জনসংগঠন কেন্দ্রীয় সভার প্রতিবেদন

স্থান : কক্সবাজার ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্র।
তারিখ : ০৪ ফেব্রুয়ারী, ২০১৩।

অংশগ্রহনকারী : এডি-সিপি, টিমলিডার, এসি-পিও এবং কক্সবাজার , চট্টগাম, নোয়াখালী, ভোলা ও ভোলা চর অঞ্চলের জনসংগঠন নেত্রীবৃন্দ।
সভাপতি : ফাতেমা সৈয়দ, জনসংগঠন নেত্রী, কক্সবাজার সদর-২ শাখা।
সচিব : নির্বাণ পাল, এসি-পিও, সিএমটিসি।

অদ্য দুপুর ০২ ঘটিকায় কক্সবাজার ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্রে সভার সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় এডি-সিপি তারিক সাঈদ হারুনের সঞ্চালনায় নিম্মোক্ত বিষয় সমুহের আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা হয় ।

আলোচনা বিষয় ও সিদ্ধান্ত সমুহ :

১. **গত সভার প্রতিবেদন পর্যালোচনা** :
গত সভার আলোচনা ও সিদ্ধান্ত সমুহ পর্যালোচনা করা হয়।

- জনসংগঠন নীতিমালা তৈরী করা হয়েছে। কক্সবাজারের সব শাখায় নেত্রীদের জন্য জনসংগঠন নীতিমালা পৌছানো হয়েছে।
- সকল শাখার জনসংগঠন নির্বাচন শেষ হওয়ার পর জনসংগঠন নেত্রীদের সাথে ইউনিয়ন পরিষদ সদস্যদের পরিচয় করিয়ে দেয়া হবে।

২. **উখিয়ায় কোডেক স্কুলের শিক্ষা কার্যক্রম** :
উখিয়া শাখার জনসংগঠন নেত্রী বুলবুল আক্তার জানান উখিয়ার কুতুপালং কোডেক এনজিও স্কুলে কোন পরীক্ষা হয় না, সনদও দেয়া হয় না, শুধু খেলাধুলা করানো হয়। এতে শিশুদের ভবিষ্যৎ নষ্ট হয়ে যাবে বলে নেত্রী আশংকা করেন। এ বিষয়ে সিদ্ধান্ত হয় জাহাঙ্গীর আলম (সহসমন্বয়কারী-শিক্ষা) বিস্তারিত জেনে টিম লিডারকে জানাবেন।

৩. **শাখা জনসংগঠনের মাসিক সভায় নেত্রীদের যাতায়াত ও নাস্তা ভাতা বৃদ্ধি** :
নোয়াখালীর বেগমগঞ্জ জনসংগঠন নেত্রী বিউটি বেগম ও ফেনী সদর জনসংগঠন নেত্রী আফরোজা বেগম দাবী করেন দ্রব্যমুল্য বৃদ্ধি পাওয়ায় শাখা জনসংগঠনের মাসিক সভায় নেত্রীদের যাতায়াত ও নাস্তা ভাতা বৃদ্ধি করা দরকার। এ বিষয়ে সিদ্ধান্তে এডি-সিপি জানান ২০১৩ সাল থেকে নাস্তা ভাতা ১৫ টাকা করা হয়েছে । নেত্রীদের প্রকৃত যাতায়াত ভাতা দেয়া হয় কাজেই কোথাও যাতায়াত ভাড়া বৃদ্ধি পেলে ঠিক যে পরিমান বেড়েছে সে টাকা দেয়া হবে।

৪. **রাস্তা মেরামত** :
কক্সবাজার সদর-২ শাখার জনসংগঠন নেত্রী ফাতেমা সৈয়দ ও কালারমারছরা শাখার জনসংগঠন নেত্রী ইসমত আরা বেগম জানান তাদের এলাকায় বন্যায় রাস্তা ভেঙ্গে যাওয়ায় লোকজনের চলাচলে অসুবিধা হচ্ছে। এ বিষয়ে সিদ্ধান্ত হয় সংশ্লিষ্ট মেম্বার/চেয়ারম্যানের সাথে যোগাযোগ করে প্রয়োজনে প্রশাসনকে জনসংগঠনকে সাথে নিয়ে আগামী মাসের মধ্যে এ বিষয়ে স্মারক লিপি প্রদানের ব্যবস্থা করবেন নির্বাণ পাল (এসি-পিও)।

৫. **গণ পরিবহনে নারীদের জন্য আসন সংরক্ষণ:**
রামু শাখা জনসংগঠন নেত্রী নিরদা বড়ুয়া জানান তার এলাকায় লোকাল বাসে নারীদের জন্য আসন সংরক্ষিত না থাকায় নারীদের নানা অসুবিধায় পড়তে হয়। এ বিষয়ে সিদ্ধান্ত হয় রামু বাস মালিক সমিতি, শ্রমিক সমিতি ও উপজেলা প্রশাসনকে জনসংগঠনকে সাথে নিয়ে এ বিষয়ে স্মারক লিপি প্রদানের ব্যবস্থা করবেন নির্বাণ পাল (এসি-পিও)।

৬. সরকারী স্বাস্থ্য কেন্দ্রে ঔষধ বিক্রি :

চর কুকরী-মুকরী শাখা জনসংগঠন নেত্রী বিবি ফাতেমা জানান তার এলাকায় সরকারী স্বাস্থ্য কেন্দ্রে ঔষধ টাকা দিয়ে কিনে খেতে হয়। এ বিষয়ে সিদ্ধান্ত হয় চর কুকরী-মুকরী শাখা ব্যবস্থাপক বিষয়টি বিস্তারিত জেনে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য ভোলা টিম লিডারকে জানাবেন।

৭. জেলে কার্ড নিয়ে অনিয়ম:

চর উমেদ শাখা জনসংগঠন নেত্রী তাহেরা বেগম জানান তার এলাকায় জেলে কার্ড নিয়ে অনিয়ম হচ্ছে। যার কার্ড আছে তাকে ত্রান না দিয়ে অন্যকে দেয়া হচ্ছে। এ বিষয়ে সিদ্ধান্ত হয় চর উমেদ শাখা ব্যবস্থাপক বিষয়টি বিস্তারিত জেনে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য ভোলা টিম লিডারকে জানাবেন।

৮. স্বামী মারা গেলে সঞ্চয় ফেরৎ:

বোরহান গঞ্জ শাখা জনসংগঠন নেত্রী বকুল রানী জানান স্বামী মারা গেলে সঞ্চয় ফেরৎ পায় না তাই অনেক সদস্য সঞ্চয়ে বেশি টাকা রাখতে চায় না। এ বিষয়ে সিদ্ধান্তে এডি-সিপি জানান সদস্যের সঞ্চয়ের পরিমান গ্রহন কৃত ঋনের চেয়ে বেশি হলে ঋনের টাকা কেটে রেখে বাকি টাকা ফেরৎ দেয়া হবে আর সদস্যের সঞ্চয়ের পরিমান গ্রহন কৃত ঋনের চেয়ে কম হলে এটা ফেরৎ না দিয়ে সমন্বয় করা হবে।

৯. ওসি ও ইউএনও এর মোবাইল নাম্বার প্রদান:

জনসংগঠন নেত্রীগণ বাল্য বিবাহ, এসিড নিক্ষেপ প্রভৃতি বিষয় সাথে সাথে ওসি এবং ইউএনও এর মোবাইল নাম্বারে জানিয়ে দেবেন। ওসি ও ইউএনও এর মোবাইল নাম্বার শাখা ব্যবস্থাপকদের মাধ্যমে সকল জনসংগঠন নেত্রীদের জানিয়ে দেয়া হবে।

১০. জনসংগঠন নির্বাচন:

কক্সবাজারে ছয়টি শাখায় জনসংগঠন নির্বাচন জানুয়ারী মাসে অনুষ্ঠিত হয়েছে। ফেব্রুয়ারী মাসে দশটি জনসংগঠন নির্বাচন অনুষ্ঠিত হবে। অন্যান্য শাখার জনসংগঠন নেত্রীদের জনসংগঠন নির্বাচনের প্রস্তুতি গ্রহনের আহ্বান জানানো হয়।

১১. জনসংগঠন তহবিল : হাতে নগদ ও ব্যাংকে জমার পরিমান

- ভোলা অঞ্চল = ১৭৫৩০২ টাকা
- চরাঞ্চল = ৪৫২৯৬ টাকা
- নোয়াখালী = ৩৯৪০৮ টাকা
- কক্সবাজার = ২১৩১৬২ টাকা
- চট্টগ্রাম = ১১৪০৯০ টাকা

মোট = ৫৮৭২৫৮ টাকা

- এফডিয়ার = ১৪৩০৬০৯ টাকা
- কল্যান তহবিল = ৫৫৮০০০ টাকা

সর্বমোট = ২৫৭৫৮৬৭ টাকা

১২. জনসংগঠন নেত্রীদের সামাজিক কার্যক্রম:

ক্রম নং	অংশগ্রহনকারীর নাম	পদবী	শাখার নাম	সামাজিক কার্যক্রম
০১	বুলবুল আক্তার	সভাপতি	উখিয়া	-৭ টি ভিজিএফ কার্ড আদায়
০২	ফারেছা বেগম	সম্পাদক	চকরিয়া	-২০টি ভিজিডি কার্ড আদায়
০৩	ইসমতারা বেগম	সভাপতি	কালারমারছরা	-৫ জনের চিকিৎসা সেবা আদায়
০৪	নিরদা বড়ুয়া	সভাপতি	রামু	-বন্যার সময় শতশত মানুষের জন্য পারাপারের নৌকা ও খাবারের ব্যবস্থা করেছেন
০৫	শামশুন্নাহার বেগম	সাংস্কৃতিক সম্পাদক	হোয়ানক	-১ টি বাল্য বিবাহ বন্ধ করেছেন
০৬	ফাতেমা সৈয়দ	সভাপতি	সদর ২	- এনজিও কোডেক থেকে ১০ টি নলকূপ ও ৩০ টি পায়খানা আদায়
০৭	হাসিনা বেগম	সভাপতি	কুতুবদিয়া	-৫ জনের চিকিৎসা সেবা আদায়
০৮	শাজাহান বেগম	সভাপতি	পেকুয়া	-১ জন মা ও ১ জন শিশুকে চিকিৎসা সেবা দিয়ে প্রাণে বাঁচিয়েছেন
০৯	বিভা রানী	সভাপতি	সদর ১	-২ টি পঙ্গু ও ২ টি বয়স্ক ভাতা আদায়
১০	প্রভারাণী	সহসভাপতি	খুটাখালী	-১০ টি ভিজিএফ কার্ড আদায়
১১	তাহেরা বেগম	সভাপতি	চরউমেদ	- ১২ টি মাতৃত্ব ভাতা আদায়
১২	ইয়ানুর বেগম	সভাপতি	চরভূতা	- গর্ভবতী মায়ের স্বাস্থ্য সেবার ৫ টি হলুদ কার্ড আদায়
১৩	বকুল রানী	সভাপতি	বোরহান গঞ্জ	-তার ইউনিয়নে মালয়েশিয়া যাবার শ্রমিক নিবন্ধন কালে ৫০ টাকার স্থলে ৩০০ টাকা নেয়া হচ্ছিল, তিনি জনসংগঠনের নেত্রীদের নিয়ে আন্দোলন করে এটা বন্ধ করেছেন।
১৪	বিবি ফাতেমা	সভাপতি	কুকরী-মুকরী	-১০ টি ভিজিএফ কার্ড ও ১০ টি উপবৃত্তি আদায়
১৫	জেবুন নাহার	সভাপতি	বোয়ালখালী	-১ জন দরিদ্র মেয়ের বিয়ের ব্যবস্থা করেছেন।
১৬	নাছিমা আক্তার	সভাপতি	চান্দগাঁও	- দু:স্থ মহিলাদের সংগঠিত করে ৪ টি সমিতি গঠন করেছেন
১৭	বিউটি বেগম	সভাপতি	বেগম গঞ্জ	-৫ টি বিধবা ভাতা আদায়

প্রতিবেদন প্রস্তুতকারী
নির্বাণ পাল
এসি-পিও, সিএমটিসি